গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬

## সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২০

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:**

**সাম্প্রতিক বছরসমূহের (৩বছর) প্রধান অর্জন সমূহ**

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে সারাদেশে স্বল্প ও মধ্যম আয়ের পরিবারের জন্য টেকসই, নিরাপদ ও সাশ্রয়ী আবাসনের সুযোগ সম্প্রসারণ করা হয়। এ লক্ষ্যে সাম্প্রতিক বছরসমূহে ২৮৬ টি ফ্লাট নির্মাণ ও ৩৭২০ টি প্লট উন্নয়নের কাজ সমাপ্ত করা হয়েছে। গত অর্থ বছরে ৩৬০ টি ফ্লাট সরকারি কর্মকর্তাদের মাঝে হস্তান্তর করা হয়েছে। এছাড়া ৬০০ টি প্লট বিভিন্ন শ্রেণির মানুষের মধ্যে হস্তান্তর করা হয়েছে। ঢাকা শহরের যানজট নিরসনের উদ্যোগ হিসেবে এ মন্ত্রণালয়ের আওতাধীন রাজউকের মাধ্যমে রাজধানীর এয়ারপোর্ট রোড ও প্রগতি সরণির সংযোগস্থলে ৪টি লুপসহ ৩.১০ কিলোমিটার দীর্ঘ কুড়িল ফ্লাইওভার, তেজগাঁও শিল্প এলাকায় রেল লাইনের উপর ফ্লাইওভার, পূর্বাচল নতুন শহর প্রকল্প হয়ে ইস্টার্ণ বাইপাস সড়কে সরাসরি সংযোগ স্থাপনের লক্ষ্যে ৩০০ ফুট প্রশস্ত প্রায় ১৩ কিলোমিটার পূর্বাচল লিংক রোড এবং মাদানি এভিনিউ এর পূর্বমূখী সম্প্রসারণের লক্ষ্যে প্রগতি সরণি ইন্টারসেকশন হতে বালু নদী পর্যন্ত ৪ টি ব্রীজসহ ৬.১৮ কিলোমিটার দীর্ঘ রাস্তা নির্মাণ করা হয়েছে। চট্টগ্রাম শহরের যানজট নিরসণের লক্ষ্যে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের মাধ্যমে ১.৩৭ কিলোমিটার দীর্ঘ বহদ্দারহাট ফ্লাইওভার, ৬০০ মিটার দীর্ঘ দেওয়ানহাট ওভারপাস এবং ১.১৪৩ কিলোমিটার দৈর্ঘ্য বিশিষ্ট কদমতলী ফ্লাইওভার নির্মাণ করা হয়েছে। রাজধানী ঢাকার সৌন্দর্যবর্ধন, বৃষ্টির পানি সংরক্ষণ করে জলাবদ্ধতা নিরসন ও পয়নিষ্কাশন ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বেগুনবাড়ি খালসহ হাতিরঝিল এলাকার সমন্বিত উন্নয়ন প্রকল্পের আওতায় ১০.৪০ কিলোমিটার মেইন ডাইভারশন স্যুয়ারেজ লাইন ও ৭.৭০ কিলোমিটার লোকাল ডাইভারশন স্যুয়ারেজ লাইন নির্মাণ করা হয়েছে। এ প্রকল্পে ৮.৮ কি.মি. সার্ভিস রোড, ৮ কি.মি. এক্সপ্রেসওয়ে, ৪ টি ওভারপাস, ৪ টি ব্রিজ ও ৩ টি ভায়াডাক্ট নির্মাণ করা হয়েছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ**

বিভিন্ন শ্রেণি পেশার মানুষের জন্য আবাসনের সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে সারাদেশে যে সকল আবাসন প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয় বেশিরভাগ ক্ষেত্রেই সে সব প্রকল্পের জন্য জমি অধিগ্রহণ কাঙ্খিত সময়ের মধ্যে হয়না। জমি অধিগ্রহণ বিলম্বিত হলে জমির প্রকৃত মূল্য ডিপিপিতে অনুমোদিত ব্যয় অপেক্ষা বেড়ে যায়। বর্ধিত মূল্য অনুমোদনসহ অর্থ বিভাগ কর্তৃক অর্থ ছাড়ে আরো কিছু সময় ব্যয় হয়। ইতোমধ্যে নির্মাণ সামগ্রীর মূল্যও বেড়ে যায়। ফলে প্রকল্পের ব্যয় এবং সময় দুইই বেড়ে যায়। যেকারণে বরাদ্দ প্রাপকদের নিকট প্লট/ফ্ল্যাট হস্তান্তরে দীর্ঘসূত্রিতার সৃষ্টি হয়। অপরিকল্পিতভাবে গড়ে ওঠা ঢাকা ও চট্টগ্রাম মহানগরীকে পরিকল্পিত নগরীতে পরিণত করা এবং ড্যাপ বাস্তবায়ন করা এ মন্ত্রণালয়ের চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎপরিকল্পনা**

এ মন্ত্রণালয়ের ভবিষ্যৎ পরিকল্পনার মধ্যে রয়েছে শান্তিনগর হতে ঢাকা-মাওয়া (ঝিলমিল) পর্যন্ত ১৩ কিলোমিটার দীর্ঘ ফ্লাইওভার নির্মাণ, আগারগাঁও এ ৩২ একর জমিতে বাংলাদেশ সচিবালয় স্থানান্তর, কুড়িল ফ্লাইওভার থেকে বালু নদী পর্যন্ত পূর্বাচল লিংক রোডের উভয় পাশে ১০০ ফুট প্রশস্ত খাল খনন এবং ঢাকার গুলশান, ধানমন্ডি ও মোহাম্মদপুরে ২৩ টি পরিত্যক্ত বাড়িতে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য ৫১৫ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ।

**২০১৫-১৬ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- প্রায় ১৮০০ টি প্লট ও ১৮০০ টি ফ্ল্যাট বরাদ্দকরণ
- চট্টগ্রাম শহরের বেড়িবাধের উপর প্রায় ১৫ কিলোমিটার রিং রোড নির্মাণ।
- চট্টগ্রামের মুরাদপুর ২ নং গেট ও জিইসি জংশন হয়ে লালখান বাজার পর্যন্ত ৫.২ কিলোমিটার ফ্লাইওভার নির্মাণ,
- কাকরাইলে সুপ্রীম কোর্টের মাননীয় বিচারপতিদের আবাসনের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ, শেরেবাংলানগরে জাতীয় সংসদ সচিবালয় কর্মকর্তা/কর্মচারীদের জন্য ৪৪৮টি ফ্ল্যাট নির্মাণ কাজ সমাপ্তকরণ এবং

## উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৫ সালের সেপ্টেম্বর মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision):

পরিকল্পিত নগর; নিরাপদ ও সাশ্রয়ী আবাসন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

সুষ্ঠু পরিকল্পনা ও গবেষণার মাধ্যমে জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে দেশের স্বল্প ও মধ্যম আয়ের মানুষের জন্য টেকসই, নিরাপদ, সাশ্রয়ী আবাসন, পরিকল্পিত নগরায়ণ এবং সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার জন্য আধুনিক সুযোগ-সুবিধাসম্পন্ন অবকাঠামো নির্মাণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. টেকসই, নিরাপদ ও সাশ্রয়ী আবাসনের সুযোগ সম্প্রসারণ
২. পরিকল্পিত নগরায়ন
৩. সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত দপ্তর সমূহের জন্য অধিক সুযোগ-সুবিধা সম্পন্ন ভবন/অফিস/অবকাঠামোর উন্নয়ন
৪. সুষ্ঠু রক্ষণাবেক্ষণের মাধ্যমে সরকারি ভবন ও অবকাঠামোসমূহের স্থায়িত্ব বৃদ্ধি
৫. সরকারি মালিকানাধীন জমির সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণ

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. পূর্তকাজ ও নগর অঞ্চল সংশ্লিষ্ট বিভিন্ন আইন, বিধি, নীতিমালা, পরিপত্র, প্রজ্ঞাপন প্রণয়ন ও সংশোধন
২. নির্মাণ ও উন্নয়ন সংশ্লিষ্ট গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবন
৩. সরকারি ও বেসরকারি ভবন ও অবকাঠামোর স্থাপত্য ও অবকাঠামোগত নকশা প্রণয়ন ও অনুমোদন
৪. সরকারি রাজস্ব (কর বর্হিভূত) আদায়
৫. সরকারি দপ্তর সমূহের জন্য অফিসস্পেস এবং সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য বাসা বরাদ্দ করা
৬. পরিত্যক্ত সম্পত্তি ও অধিগ্রহণকৃত সম্পত্তির ব্যবস্থাপনা করা
৭. বিভিন্ন মাস্টারপ্লান ও ডিটেইল এরিয়া প্লান প্রস্তুত করা

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-২০১৬ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | | |
| সম্প্রসারিত নগরী | নগরে আবাসন সুবিধাপ্রাপ্তদের সংখ্যা বৃদ্ধি | সংখ্যা | | | ৩৬০০ | ৪০০০ | ৫০০০ | ভূমি মন্ত্রণালয় | বার্ষিক প্রতিবেদন |
| সরকারি কর্মকর্তা/কর্মচারিদের আবাসন সুবিধা বৃদ্ধি | আবাসন সুবিধা বৃদ্ধি | সংখ্যা | | | ৯০০ | ১০০০ | ১১০০ | | বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] টেকসই, নিরাপদ ও সাশ্রয়ী আবাসনের সুযোগ সম্প্রসারণ | ২২ | [১.১] গৃহায়ন সম্পর্কিত নীতিমালা, পরিপত্র, কোড ইত্যাদি প্রণয়ন, সংশোধন/হালনাগাদকরণ | [১.১.১] জাতীয় গৃহায়ন নীতিমালা,১৯৯৯ (সংশোধিত),২০১৫ জারীকৃত | তারিখ | ১.০০ | | | ১৫-০৪-২০১৬ | ২০-০৪-২০১৬ | ০৫-০৫-২০১৬ | ১৫-০৫-২০১৬ | ২৫-০৫-২০১৬ | | |
| | | | [১.১.২] জাতীয় বিল্ডিং কোড,১৯৯৩ হালনাগাদকৃত | তারিখ | ১.০০ | | | ১০-০১-২০১৬ | ২০-০১-২০১৬ | ৩০-০১-২০১৬ | ০৫-০২-২০১৬ | ১০-০২-২০১৬ | | |
| | | | [১.১.৩] নগর ও অঞ্চল পরিকল্পনা আইন-২০১৫ প্রণয়নকৃত | তারিখ | ১.০০ | | | ১৫-০৫-২০১৬ | ১৯-০৫-২০১৬ | ২৬-০৫-২০১৬ | ০৯-০৬-২০১৬ | ১৬-০৬-২০১৬ | | |
| | | | [১.১.৪] হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইন্সটিটিউড আইন, ২০১৫ প্রণয়নকৃত | তারিখ | ১.০০ | | | ১২-০৫-২০১৬ | ২২-০৫-২০১৬ | ০৫-০৬-২০১৬ | ১৯-০৬-২০১৬ | ২৬-০৬-২০১৬ | | |
| | | [১.২] প্লট বরাদ্দকরণ | [১.২.১] বরাদ্দকৃত প্লট | সংখ্যা | ৩.০০ | | ১৪০৪ | ১৮০০ | ১৭০০ | ১৬০০ | ১৫০০ | ১৪০০ | ২০০০ | ২২০০ |
| | | [১.৩] ফ্লাট বরাদ্দকরণ | [১.৩.১] বরাদ্দকৃত ফ্ল্যাট | সংখ্যা | ৩.০০ | | ২১৬ | ১৮৩০ | ১৮০০ | ১৭৫০ | ১৭০০ | ১৬৫০ | ১৮৫০ | ১৯০০ |
| | | [১.৪] ফ্লাট নির্মাণ | [১.৪.১] নির্মিত ফ্ল্যাটের আয়তন | লক্ষ বর্গফুট | ৩.০০ | | ১৫.৩২ | ২১.০০ | ২০.৯০ | ২০.৮০ | ২০.৭০ | ২০.৬০ | ২২.০০ | ২৫.০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.৫] সরকারি কর্মকর্তাদের জন্য কোয়ার্টার নির্মাণ | [১.৫.১] নির্মিত কোয়ার্টারের আয়তন | লক্ষ বর্গফুট | ৩.০০ | | ৪.০০ | ১.৮৫ | ১.৭৫ | ১.৬৫ | ১.৫০ | ১.৩৫ | ৩.০০ | ৪.০০ |
| | | [১.৬] প্লটের দখল হস্তান্তর | [১.৬.১] হস্তান্তরকৃত প্লট | সংখ্যা | ২.০০ | | | ৩২৫৫ | ৩২৪৫ | ৩২৩৫ | ৩২২৫ | ৩২১০ | ৩৩০০ | ৩৪০০ |
| | | [১.৭] ফ্ল্যাটের দখল হস্তান্তর | [১.৭.১] হস্তান্তরকৃত ফ্ল্যাট | সংখ্যা | ২.০০ | | ৩৬০ | ৩৫২ | ৩৪০ | ৩২০ | ৩০০ | ২৯০ | ৩৯০ | ৪০০ |
| | | [১.৮] প্লট/ফ্ল্যাট রেজিস্ট্রেশন | [১.৮.১] রেজিস্ট্রিকৃত প্লট/ফ্ল্যাট | সংখ্যা | ২.০০ | | | ১৫০০ | ১৪৭৫ | ১৪৬০ | ১৪৫০ | ১৪৩০ | ১৬০০ | ১৭০০ |
| [২] পরিকল্পিত নগরায়ন | ১৯ | [২.১] তেজগাঁও শিল্প এলাকাকে শিল্প কাম বানিজ্যিক ও আবাসিক এলাকা হিসেবে রূপান্তর | [২.১.১] প্রণয়নকৃত মাস্টারপ্লান | তারিখ | ৩.০০ | | | ৩০-০৫-২০১৬ | ১০-০৬-২০১৬ | ১৫-০৬-২০১৬ | ২৫-০৬-২০১৬ | ৩০-০৬-২০১৬ | | |
| | | [২.২] Detailed Area Plan (DAP) হালনাগাদকরণ | [২.২.১] রাজধানী ঢাকার সার্ভে সম্পাদন | তারিখ | ৩.০০ | | | ০৫-০৬-২০১৬ | ১০-০৬-২০১৬ | ১৫-০৬-২০১৬ | ২৫-০৬-২০১৬ | ৩০-০৬-২০১৬ | | |
| | | [২.৩] ভূমি ব্যবহার ছাড়পত্র প্রদান | [২.৩.১] প্রদানকৃত ছাড়পত্র | সংখ্যা | ২.০০ | | | ২০০০ | ১৯৭৫ | ১৯৫০ | ১৯২৫ | ১৯০০ | ২১০০ | ২২০০ |
| | | [২.৪] ভবনের প্লান অনুমোদন | [২.৪.১] অনুমোদনকৃত প্লান | সংখ্যা | ৩.০০ | | ৪৩১১ | ৩০০০ | ২৯৫০ | ২৯০০ | ২৮৫০ | ২৮০০ | ৩৫০০ | ৪০০০ |
| | | [২.৫] উপজেলা শহরের 'ডেভেলপমেন্ট প্লান' প্রণয়ন | [২.৫.১] প্রণয়নকৃত ডেভেলপমেন্ট প্লান | সংখ্যা | ২.০০ | | ৩ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | | |
| | | [২.৬] চট্টগ্রাম শহরে সিটি আউটার রিং রোড নির্মাণ | [২.৬.১] ১৫ কিলোমিটার রিং রোড নির্মাণ | % | ৩.০০ | | | ৩০ | ২৭ | ২৫ | ২৩ | ২১ | ১০০ | |
| | | [২.৭] চট্টগ্রাম শহরে ফ্লাইওভার নির্মাণ | [২.৭.১] ৫ কিলোমিটার ফ্লাইওভার নির্মাণ | % | ৩.০০ | | | ৪০ | ৩৬ | ৩২ | ৩০ | ২৮ | ১০০ | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত দপ্তর সমূহের জন্য অধিক সুযোগ-সুবিধা সম্পন্ন ভবন/অফিস/অবকাঠামোর উন্নয়ন | ১৬ | [৩.১] অবকাঠামোর কাঠামোগত নকশা প্রণয়ন | [৩.১.১] প্রণয়নকৃত নকশা | সংখ্যা | ৪.০০ | | ৬০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৯০ | ১০০ |
| | | [৩.২] অবকাঠামোর স্থাপত্য নকশা প্রণয়ণ | [৩.২.১] প্রণয়নকৃত নকশা | সংখ্যা | ৪.০০ | ৬৫ | ৭৩ | ৮৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৯০ | ৯৫ |
| | | [৩.৩] সরকারি দপ্তরসমূহের জন্য অফিস স্পেস নির্মাণ | [৩.৩.১] অফিসস্পেসের আয়তন | বর্গফুট | ৩.০০ | ১১০০ | ৩৪০০০ | ৫০০০ | ৪৯০০ | ৪৮০০ | ৪৭০০ | ৪৬০০ | ৮০০০ | ১০০০০ |
| | | [৩.৪] সরকারি প্রতিষ্ঠানের অনুকূলে জমি বরাদ্দ প্রদান | [৩.৪.১] বরাদ্দকৃত জমি | একর | ৩.০০ | | ৭.২৮ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১১ | ১২ |
| | | [৩.৫] যশোর-বেনাপোল হাইওয়ে করিডোর নির্মাণের জন্য 'ডেভেলপমেন্টপ্লান' প্রণয়ন | [৩.৫.১] প্রণয়নকৃত ডেভেলপমেন্ট প্লান | % | ২.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] সুষ্ঠু রক্ষণাবেক্ষণের মাধ্যমে সরকারি ভবন ও অবকাঠামোসমূহের স্থায়িত্ব বৃদ্ধি | ১৪ | [৪.১] সরকারি ভবন ও স্থাপনার রক্ষণাবেক্ষণ | [৪.১.১] রক্ষণাবেক্ষণকৃত সরকারি ভবনের আয়তন | হাজার বর্গমিটার | ২.০০ | | | ৭০ | ৬৮ | ৬৭ | ৬৬ | ৬৫ | ৮০ | ৯৫ |
| | | | [৪.১.২] রক্ষণাবেক্ষণকৃত ভবন ও স্থাপনার সংখ্যা | সংখ্যা | ২.০০ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৬ | ৭ |
| | | | [৪.১.৩] রক্ষণাবেক্ষণকৃত পার্কের আয়তন | একর | ২.০০ | | | ২১০ | ২০০ | ১৯০ | ১৮০ | ১৭০ | ২৫০ | ৩০০ |
| | | [৪.২] প্রকল্প এলাকায় অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ | [৪.২.১] রাস্তার দৈর্ঘ্য | কিলোমিটার | ৩.০০ | | | ৫৭ | ৫৫ | ৫২ | ৫০ | ৪৮ | ৬০ | ৭৫ |
| | | [৪.৩] প্রকল্প এলাকায় অভ্যন্তরীণ রাস্তার সংযোগ সেতু নির্মাণ | [৪.৩.১] নির্মিত সেতু | সংখ্যা | ৩.০০ | | | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১২ | ১৫ |
| | | [৪.৪] সরকারি বিভিন্ন ভবনে লিফট, জেনারেটর ও সাবস্টেশন স্থাপন ও রক্ষণাবেক্ষণ | [৪.৪.১] স্থাপিত লিফট | সংখ্যা | ২.০০ | | | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১৪ | ১৬ |
| [৫] সরকারি মালিকানাধীন জমির সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণ | ১২ | [৫.১] পরিত্যক্ত সম্পত্তির ডাটাবেজ চূড়ান্তকরণ | [৫.১.১] ডাটাবেজ চূড়ান্তকৃত | তারিখ | ৫.০০ | | | ৩০-০৫-২০১৬ | ০৫-০৬-২০১৬ | ১০-০৬-২০১৬ | ২০-০৬-২০১৬ | ৩০-০৬-২০১৬ | | |
| | | [৫.২] অধিগ্রহণকৃত সম্পত্তির ডাটাবেজ চূড়ান্তকরণ | [৫.২.১] ডাটাবেজ চূড়ান্তকৃত | তারিখ | ৪.০০ | | | ৩১-০৫-২০১৬ | ০৫-০৬-২০১৬ | ১৫-০৬-২০১৬ | ২০-০৬-২০১৬ | ৩০-০৬-২০১৬ | | |
| | | [৫.৩] অবৈধ দখলদার উচ্ছেদ | [৫.৩.১] উচ্ছেদকৃত জমির পরিমান | একর | ৩.০০ | | ২৭ | ২৫ | ২৩ | ২২ | ২১ | ২০ | ২০ | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৫ | [১.১] খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | দিন | ১.০০ | | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | | |
| | | [১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৫ | ০১-০৯-২০১৫ | ০২-০৯-২০১৫ | ০৩-০৯-২০১৫ | ০৪-০৯-২০১৫ | | |
| | | [১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | | | | |
| | | [১.৪] আওতাধীন সংস্থার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | [১.৪.১] সমঝোতা স্মারক স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৫ | ১৯-১০-২০১৫ | ২২-১০-২০১৫ | ২৬-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | | |
| | | [১.৫] বার্ষিক কর্মসম্পাদন-এর সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৫.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] পরিবর্তিত ফরম্যাটে সিটিজেন্স চার্টার প্রণয়ন | [২.১.১] পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | | [২.১.২] অধিদপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার প্রণীত ও প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | [২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.২.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.১.১] শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো (monitoring framework) প্রণীত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [৩.১.২] জুন/২০১৬ এর মধ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত কার্যক্রম | % | ১.০০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [৩.২.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | [৪.১] তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন | [৪.১.১] তথ্য প্রকাশ নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.২] আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | [৪.২.১] আওতাধীন সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | [৪.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ১৫-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | ১৫-১২-২০১৫ | | |
| [৫] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | [৫.১] বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | [৫.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | | |
| | | [৫.২] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৫.২.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সচিব<br>গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ২০.০৭.২০১৫<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ২০/০৭/২০১৫<br>তারিখ |

**সংযোজনী-১**

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | গৃগম | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| ২ | রাজউক | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ |
| ৩ | জাগৃক | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ |
| ৪ | চউক | চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ |
| ৫ | খুউক | খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ |
| ৬ | রাউক | রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] গৃহায়ন সম্পর্কিত নীতিমালা, পরিপত্র, কোড ইত্যাদি প্রণয়ন, সংশোধন/হালনাগাদকরণ | [১.১.১] জাতীয় গৃহায়ন নীতিমালা,১৯৯৯ (সংশোধিত),২০১৫ জারীকৃত | জাতীয় গৃহায়ন নীতিমালা, ১৯৯৯ যুগোপোযগী ও হালনাগাদ করার লক্ষ্যে জাতীয় গৃহায়ন নীতিমালা,১৯৯৩ (সংশোধিত), ২০১৫ প্রণয়ন করা হবে | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| | [১.১.২] জাতীয় বিল্ডিং কোড,১৯৯৩ হালনাগাদকৃত | ভূমিকম্প সহনীয় এবং অগ্নিনির্বাপনসহ যেকোন দুর্যোগের ঝুঁকি মোকাবেলার পর্যাপ্ত ব্যবস্থা সম্পন্ন ভবন নির্মাণের জন্য জাতীয় বিল্ডিং কোড হালনাগাদ করা হবে | হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইন্সটিটিউড | প্রকল্প সমাপ্ত প্রতিবেদন | |
| | [১.১.৩] নগর ও অঞ্চল পরিকল্পনা আইন-২০১৫ প্রণয়নকৃত | ভূমি ব্যবহার পরিকল্পনা প্রস্তুত করার লক্ষে নগর ও অঞ্চল পরিকল্পনাআইন- ২০১৫ প্রণয়ন করা হবে। | নগর উন্নয়ন অধিদপ্তর | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| | [১.১.৪] হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইন্সটিটিউড আইন, ২০১৫ প্রণয়নকৃত | হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ অর্ডিন্যান্সটি আইনে রূপান্তর করে এটি প্রণয়ন করা হবে। | হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইন্সটিটিউট | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.২] প্লট বরাদ্দকরণ | [১.২.১] বরাদ্দকৃত প্লট | রাজউক, জাগৃক ও খুউক হতে এ অর্থ বছরে প্রায় ১৮০০ প্লট বিভিন্ন শ্রেণি পেশার মানুষের মধ্যে বরাদ্দ প্রদান করা হবে। | রাজউক, জাগৃক ও খুউক | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৩] ফ্লাট বরাদ্দকরণ | [১.৩.১] বরাদ্দকৃত ফ্ল্যাট | রাজউক ও জাগৃক হতে প্রতি বছরের ন্যায় ফ্ল্যাট প্রকল্পের আওতায় বিভিন্ন শ্রেণি পেশার মানুষের মধ্যে প্রায় ১৮০০ ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা হবে। | রাজউক ও জাগৃক | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৪] ফ্লাট নির্মাণ | [১.৪.১] নির্মিত ফ্ল্যাটের আয়তন | রাজউকের আওতায় উত্তরা ফ্ল্যাট প্রকল্পে প্রায় ২১ লাখ বর্গফুট আয়তন বিশিষ্ট (ফ্লোর স্পেস) বিভিন্ন শ্রেণির ফ্ল্যাট নির্মাণ করা হবে | রাজউক | প্রকল্প সমাপ্ত প্রতিবেদন | |
| [১.৫] সরকারি কর্মকর্তাদের জন্য কোয়ার্টার নির্মাণ | [১.৫.১] নির্মিত কোয়ার্টারের আয়তন | গণপূর্ত অধিদপ্তর কর্তৃক আজিমপুর ও মতিঝিলে সরকারি কর্মকর্তা/কর্মচারিদের জন্য প্রায় ১.৮৭ লক্ষ বর্গফুট আয়তন বিশিষ্ট (ফ্লোরস্পেস) কোয়ার্টার নির্মাণ করা হবে | গণপূর্ত অধিদপ্তর | প্রকল্প সমাপ্তি প্রতিবেদন | |
| [১.৬] প্লটের দখল হস্তান্তর | [১.৬.১] হস্তান্তরকৃত প্লট | বিভিন্ন সময়ে বরাদ্দকৃত প্লটসমূহের দখল বরাদ্দপ্রাপকগণের বরাবর হস্তান্তর করা হবে | রাজউক ও জাগৃক | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৭] ফ্ল্যাটের দখল হস্তান্তর | [১.৭.১] হস্তান্তরকৃত ফ্ল্যাট | বিভিন্ন সময়ে বরাদ্দকৃত ফ্ল্যাটসমূহের দখল বরাদ্দপ্রাপকদের অনুকূলে হস্তান্তর করা হবে | রাজউক | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.৮] প্লট/ফ্ল্যাট রেজিস্ট্রেশন | [১.৮.১] রেজিস্ট্রিকৃত প্লট/ফ্ল্যাট | বিভিন্ন সময়ে বরাদ্দকৃত ও দখল হস্তান্তরকৃত প্লট ও ফ্ল্যাট এর বরাদ্দপ্রাপকগণের অনুকুলে প্লট ও ফ্ল্যাটের দলিল রেজিস্ট্রেশন করা হবে | রাজউক ও জাগৃক | বার্ষিক প্রতিবেদন | |
| [২.১] তেজগাঁও শিল্প এলাকাকে শিল্প কাম বানিজ্যিক ও আবাসিক এলাকা হিসেবে রূপান্তর | [২.১.১] প্রণয়নকৃত মাস্টারপ্লান | মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধানুসারে তেজগাঁও শিল্প এলাকাকে শিল্প কাম বাণিজ্যিক ও আবাসিক এলাকা হিসেবে রূপান্তরের লক্ষ্যে একটি মাস্টারপ্লান প্রণয়ন করা হবে | গণপূর্ত অধিদপ্তর | মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন | |
| [২.২] Detailed Area Plan (DAP) হালনাগাদকরণ | [২.২.১] রাজধানী ঢাকার সার্ভে সম্পাদন | ড্যাপ হালনাগাদকরণের জন্য ড্যাপভূক্ত এলাকার সার্ভে সম্পাদন করা হবে | রাজউজ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৩] ভূমি ব্যবহার ছাড়পত্র প্রদান | [২.৩.১] প্রদানকৃত ছাড়পত্র | রাজধানীর কোন স্থানে ভবন নির্মাণ করতে হলে উক্ত জমিতে ইমারত নির্মাণ করা যাবে কিনা, ইমারত নির্মাণ করা গেলে কি ধরণের ইমারত নির্মাণ করা যাবে সে বিষয়ে রাজউক হতে ভূমি ব্যবহারের ছাড়পত্র প্রদান করা হয় | রাজউক | রাজউকের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৪] ভবনের প্লান অনুমোদন | [২.৪.১] অনুমোদনকৃত প্লান | রাজধানীতে যে কোন জমিতে ভবন নির্মাণ করতে হলে নির্মিতব্য ভবনের প্লান রাজউক কর্তৃক অনুমোদন করা হয় | রাজউক | রাজউকের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৫] উপজেলা শহরের 'ডেভেলপমেন্ট প্লান' প্রণয়ন | [২.৫.১] প্রণয়নকৃত ডেভেলপমেন্ট প্লান | সারাদেশের এ বছর ১৪টি উপজেলা শহরের জন্য ডেভেলপমেন্ট প্লান প্রণয়ন করা হবে | নগর উন্নয়ন অধিদপ্তর | প্রকল্প সমাপ্ত প্রতিবেদন | |
| [২.৬] চট্টগ্রাম শহরে সিটি আউটার রিং রোড নির্মাণ | [২.৬.১] ১৫ কিলোমিটার রিং রোড নির্মাণ | চট্টগ্রাম শহরের যানজট নিরসনসহ শহরের যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে ১৫ কিলোমিটার রিং রোড নির্মাণ করা হবে | চউক | চউকের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৭] চট্টগ্রাম শহরে ফ্লাইওভার নির্মাণ | [২.৭.১] ৫ কিলোমিটার ফ্লাইওভার নির্মাণ | চট্টগ্রাম শহরের যানজট নিরসনসহ যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে মুরাদপুর ২ নং গেট ও জিইসি জংশন হয়ে লালখান বাজার পর্যন্ত ৫.২ কিলোমিটার ফ্লাইওভার নির্মাণ করা হবে | চউক | প্রকল্প সমাপ্তি প্রতিবেদন | |
| [৩.১] অবকাঠামোর কাঠামোগত নকশা প্রণয়ন | [৩.১.১] প্রণয়নকৃত নকশা | সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত দপ্তরগুলোর অফিস ভবন নির্মাণের প্রাক্কালে নির্মিতব্য ভবনের কাঠামোগত নকশা প্রণয়ন করা হয় | গণপূর্ত অধিদপ্তর | প্রকল্প বাস্তবায়ন প্রতিবেদন | |
| [৩.২] অবকাঠামোর স্থাপত্য নকশা প্রণয়ণ | [৩.২.১] প্রণয়নকৃত নকশা | সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত দপ্তরগুলোর অফিস ভবন নির্মাণের প্রাক্কালে নির্মিতব্য ভবনের স্থাপত্য নকশা প্রণয়ন করা হয় | স্থাপত্য অধিদপ্তর | স্থাপত্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৩] সরকারি দপ্তরসমূহের জন্য অফিস স্পেস নির্মাণ | [৩.৩.১] অফিসস্পেসের আয়তন | বাংলাদেশ সচিবালয়ে যে নতুন ভবনটি নির্মাণ করা হচ্ছে উক্ত ভবনের ৫০০০ বর্গফুট আয়তন এ বছর নির্মাণ করা হবে | গণপূর্ত অধিদপ্তর | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [৩.৪] সরকারি প্রতিষ্ঠানের অনুকূলে জমি বরাদ্দ প্রদান | [৩.৪.১] বরাদ্দকৃত জমি | শেরেবাংলানগর প্রশাসনিক জোনসহ সারাদেশে গণপূর্ত অধিদপ্তরের মালিকানাধীন প্রায় ১০ একর জমি বিভিন্ন সরকারি দপ্তর/সংস্থার অনুকূলে বরাদ্দ করা হবে | গৃগম | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৫] যশোর-বেনাপোল হাইওয়ে করিডোর নির্মাণের জন্য 'ডেভেলপমেন্টপ্লান' প্রণয়ন | [৩.৫.১] প্রণয়নকৃত ডেভেলপমেন্ট প্লান | যশোর-বেনাপোল হাইওয়ে করিডোর নির্মাণের জন্য 'ডেভেলপমেন্টপ্লান' প্রণয়ন করা হবে | নগর উন্নয়ন অধিদপ্তর | প্রকল্প বাস্তবায়ন প্রতিবেদন | |
| [৪.১] সরকারি ভবন ও স্থাপনার রক্ষণাবেক্ষণ | [৪.১.১] রক্ষণাবেক্ষণকৃত সরকারি ভবনের আয়তন | সারাদেশে কোরভবনসহ গুরুত্বপূর্ণ সম্মেলনকেন্দ্র যেমন ওসমানি মিলনায়তন, বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, জেলা পর্যায়ে সার্কিট হাউজ ইত্যাদি ভবনের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হবে | গণপূর্ত অধিদপ্তর | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| | [৪.১.২] রক্ষণাবেক্ষণকৃত ভবন ও স্থাপনার সংখ্যা | কেপিআইভুক্ত এলাকা/ভবন যথা গণভবন, বঙ্গভবন, জাতীয় সংসদ ভবন, বাংলাদেশ সচিবালয়, জাতীয় স্মৃতিসৌধসহ ইত্যাদি ভবনের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হবে | গণপূর্ত অধিদপ্তর | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| | [৪.১.৩] রক্ষণাবেক্ষণকৃত পার্কের আয়তন | সোহরাওয়ার্দি উদ্যান, রমনা পার্ক, চন্দ্রিমা উদ্যানসহ সরকারি ব্যবস্থাপনাধীন পার্কসমূহের রক্ষণাবেক্ষণ করা হয় | গণপূর্ত অধিদপ্তর | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদ | |
| [৪.২] প্রকল্প এলাকায় অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ | [৪.২.১] রাস্তার দৈর্ঘ্য | ঢাকার পূর্বাচল, ঝিলমিল, উত্তরা, চট্টগ্রামের অন্যনা এবং খুলনার আহসানাবাদ আবাসিক এলাকায় আভ্যন্তরীণ রাস্তা নির্মাণ করা হবে | রাজউক, চউক ও খুউক | প্রকল্প সমাপ্ত প্রতিবেদন | |
| [৪.৩] প্রকল্প এলাকায় অভ্যন্তরীণ রাস্তার সংযোগ সেতু নির্মাণ | [৪.৩.১] নির্মিত সেতু | ঢাকার পূর্বাচল ও ঝিলমিল আবাসিক এলাকায় আভ্যন্তরীন রাস্তার সংযোগ সেতু এবং হাতিরঝিলে ইউলুপ নির্মাণ করা হবে | রাজউক | প্রকল্প বাস্তবায়ন প্রতিবেদন | |
| [৪.৪] সরকারি বিভিন্ন ভবনে লিফট, জেনারেটর ও সাবস্টেশন স্থাপন ও রক্ষণাবেক্ষণ | [৪.৪.১] স্থাপিত লিফট | গণপূর্ত অধিদপ্তর হতে এ বছর যে সকল সরকারি ভবন নির্মাণের প্রকল্প বাস্তবায়ন করা হবে সে সকল ভবনে ১০ টি লিফট স্থাপন করা হবে | গণপূর্ত অধিদপ্তর | প্রকল্প বাস্তবায়ন প্রতিবেদন | |
| [৫.১] পরিত্যক্ত সম্পত্তির ডাটাবেজ চূড়ান্তকরণ | [৫.১.১] ডাটাবেজ চুড়ান্তকৃত | গত বছর পরিত্যক্ত সম্পত্তির খসড়া ডাটাবেজ প্রস্তুত করা হয়েছিলো, এ বছর ডাটাবেজ চুড়ান্ত করা হবে | গৃগম | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৫.২] অধিগ্রহণকৃত সম্পত্তির ডাটাবেজ চূড়ান্তকরণ | [৫.২.১] ডাটাবেজ চুড়ান্তকৃত | গত অর্থ বছর অধিগ্রহনকৃত সম্পত্তির খসড়া ডাটাবেজ প্রস্তুত করা হয়েছিলো, এ বছর ডাটাবেজ চুড়ান্ত করা হবে | গণপূর্ত অধিদপ্তর, রাজউক, জাগৃক, চউক, খুউক, রাউক | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [৫.৩] অবৈধ দখলদার উচ্ছেদ | [৫.৩.১] উচ্ছেদকৃত জমির পরিমাণ | গণপূর্ত অধিদপ্তর, রাজউক, চউক, খুউক, রাউক, জাগৃক এর মালিকানাধীন যে সকল জমি অবৈধ দখলদারদের দখলে ছিলো সে সকল অবৈধ দখলদারদের উচ্ছেদপূর্বক এ জমি সরকারের দখলে আনয়ন করা হবে | গণপূর্ত অধিদপ্তর, রাজউক, চউক, খুউক, রাউক, জাগৃক | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | উচ্ছেদকৃত জমির পরিমাণ | উচ্ছেদ কাজে পুলিশ ফোর্স নিয়োগ | আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ | ২৫% | সরকারি মালিকানাধীন জমি বেহাত হতে পারে |